



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল
বন ভবন, আগারগাঁও, ঢাকা।

“বিজ্ঞপ্তি”

বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) অধ্যাদেশ, ২০২৬ এর ধারা ২৭ অনুসারে কোনো ব্যক্তির নিকট সংগৃহীত ও সংরক্ষিত বন্যপ্রাণীর অংশ, ট্রফি, অসম্পূর্ণ ট্রফি অথবা তফসিল ৪ এ উল্লিখিত কোনো উদ্ভিদ বা উহার অংশ বা উহা হইতে উৎপাদিত দ্রব্য থাকলে বন অধিদপ্তরের আওতাধীন বন্যপ্রাণী ওয়ার্ডেন বা নিকটস্থ বন বিভাগে আগামী ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিবন্ধনের লক্ষ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উল্লিখিত তারিখের মধ্যে নিবন্ধন না করলে পরবর্তীতে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বন্যপ্রাণীর অংশ, ট্রফি, অসম্পূর্ণ ট্রফি অথবা তফসিল ৪ এ উল্লিখিত কোনো উদ্ভিদ বা উহার অংশ বা উহা হইতে উৎপাদিত দ্রব্য পাওয়া গেলে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) অধ্যাদেশ, ২০২৬ এর ধারা ২৭ এর উপধারা (৩) অনুযায়ী তা অবৈধ বলে গণ্য হবে এবং বন অধিদপ্তর তা জব্দ করতে পারবে।


(মোঃ ছানাউল্যা পাটওয়ারী)
বন সংরক্ষক ও
উপপ্রধান বন্যপ্রাণী ওয়ার্ডেন
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা
Email: cf-wildlife@bforest.gov.bd
ফোন: ৫৫০০৭১১১


১৮-০১-২৬